West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

PART – II (Honours)

বাংলা

তৃতীয় পত্র

Duration : 4 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক ।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। মিশ্রকলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তানপ্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দিন । ১২

অথবা

যে-কোনো দুটি বিষয়ে টীকা লিখুন ঃ ২ × ৬

মুক্তক ছন্দ, পর্ব, দল, অমিত্রাক্ষর ছন্দ ।

২। যে কোন দুটি অংশের ছন্দোলিপি রচনা করুন ঃ ২ × ৪

ক) তারই পরে তব কোপ গো বন্ধু, তারই পরে তব কোপ,
যে জন কিছুতে গিলিতে চায় না এই পৃথিবীর টোপ ।
সুনীল আকাশ, স্নিগ্ধ বাতাস, বিমল নদীর জল,
গাছে গাছে ফুল, ফুলে ফুলে অলি, সুন্দর ধরাতল ।

খ) একটি মেয়ে উপুড় হয়ে কাঁদছে যন্ত্রণায়
বিবর্ণ তার নয়নদুটি, কিন্তু বড় মিঠে ।
একটি ছেলে জানে না, তাই অঘোর নিদ্রা যায়
জানলে পরে থাকতো এখন পক্ষীরাজের পিঠে ।

গ) আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ

পেখলুঁ পিয়ামুখচন্দা ।

জীবন-যৌবন সফল করি মানলুঁ

দশ দিশ ভেল নিরদন্দা ।।

ঘ) প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে ।

খোয়াব তনুর তরী প্রবাস-সাগরে ।।

যদি কালী কূল দেন কূলে আগমন ।

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন ।।

ঙ) পঞ্চশরে দগ্ধ করে করেছ একি সন্ন্যাসী

বিশ্বময় চলেছে তার ভোজ ।

মরমিয়া সুগন্ধ তার বাতাসে উঠে নিঃশ্বাসি,

সুরেশ শুধু খায় দেখি গ্লুকোজ ।

৩। যমক অলংকার বলতে কি বোঝায় ? উদাহরণসহ যমক অলংকারের বিভাগগুলি আলোচনা করুন । ৪ + ৮

অথবা

যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করুন ঃ ৬ + ৬

উৎপ্রেক্ষা, সাঙ্গ রূপক, ব্যতিরেক, অনুপ্রাস ।

৪। যে-কোনো দুটি উদ্ধৃতির অলংকার নির্ণয় করুন ঃ ২ × ৪

ক) আমার দেশের পথের ধূলা খাঁটি সোনার চাইতে খাঁটি ।

খ) ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে ?

মনস্তাপেও লাগবে না ওতে জোড়া ।

গ) কালো জল ঢালিতে সই কালা পড়ে মনে ।

ঘ) উদার ছন্দে পরমানন্দে বন্দন করি তাঁরে ।

ঙ) সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা

আঁধারে মলিন হ'ল যেন খাপে ঢাকা

বাঁকা তলোয়ার ।

৫। গৌরচন্দ্রিকা বলতে কি বোঝায় ? গৌরাঙ্গ বিষয়ক পদ এবং গৌরচন্দ্রিকার মধ্যে পার্থক্য কোথায় ? বৈষ্ণব পদাবলী সাহিত্যে গৌরচন্দ্রিকার গুরুত্ব ও তাৎপর্য কী ? ৬ + ৪ + ৫

অথবা

'বৈষ্ণব পদাবলীর মুল ভিত্তি বৈষ্ণবীয় পঞ্চরস' — আলোচনা করুন। ১৫

৬। আগমনী-বিজয়ার গানগুলিতে মধ্যযুগীয় সাধারণ বাঙালি পরিবারে বিবাহিতা কন্যার জন্য মাতৃপ্রাণের উদ্বেগ-আকুলতা মর্মস্পর্শী আবেগে প্রকাশিত — উদাহরণসহ আলোচনা করুন। ১৫

অথবা

অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলীর উদ্ভবের পিছনে রাষ্ট্রনৈতিক ও আর্থসামাজিক পটভূমিটি ভক্তের আকুতি পর্যায় থেকে উদাহরণসহ আলোচনা করুন। ১৫

৭। মধ্যযুগীয় দেবদেবী-নির্ভরতা ও পূর্বনির্ধারিত আখ্যানকাঠামো অনুসরণ সত্ত্বেও কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী প্রায় আধুনিক ঔপন্যাসিকের মৌলিক প্রতিভার স্বাক্ষর রেখেছেন তাঁর কাব্যে — আলোচনা করুন। ১৫

অথবা

বঙ্গনারীর চরিত্র হিসাবে মুকুন্দ চক্রবর্তীর কবিকঙ্কণ চণ্ডীর ফুল্লরা চরিত্রটি এককথায় অনবদ্য — মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৫

৮। ক) পুন পুন গতাগতি করু ঘর পন্থ।

খেনে খেনে ফুলবনে চলই একান্ত ।।

— রসপর্যায় ও কবির নাম উল্লেখ করে আচরণটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

অথবা

দুতর পন্থ-গমন ধনি সাধয়ে / মন্দিরে যামিনী জাগি।

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? পন্থ-গমন সাধনার পদ্ধতিটি সংক্ষেপে বুঝিয়ে দিন। ১ + ১ + ৩

খ) বরঞ্চ ত্যজিয়ে মণি ক্ষণেক বাঁচয়ে ফণী

ততোধিক শূলপাণি ভাবে উমা মা-রে।

— পদকর্তা কে ? বক্তব্যটির প্রসঙ্গ ও মর্মার্থ ব্যাখ্যা করুন। ১ + ৪

অথবা

যদি তোমার বাপের ধারা ধরো, তবে বটে আমি হারি ।

যদি আমার বাপের ধারা ধরো, তবে তো মা পেতে পারি ।।

— পদকর্তা কে ? 'তোমার বাপের ধারা' এবং 'আমার বাপের ধারা' কথাদুটির তাৎপর্য প্রসঙ্গ অনুসরণে বুঝিয়ে দিন । ১ + ৪

গ) মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া

নাহি শুনে প্রজার গোহারি ।

— বক্তার অভিযোগটি প্রসঙ্গসহ সংক্ষেপে বুঝিয়ে দিন । 'গোহারি' শব্দটির অর্থ লিখুন । ৪ + ১

অথবা

মোচড়িয়া গোঁফ দুটা বান্ধিলেন ঘাড়ে ।

এক শ্বাসে সাত হাঁড়ি আমানি উজাড়ে ।।

— কার সম্পর্কে বলা হয়েছে ? এই উদ্ধৃতির মধ্য দিয়ে চরিত্রটির শারীরিক ও সামাজিক কোন্ পরিচয় প্রকাশিত হয়েছে ? ১ + ৪

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2010

PART – II (Honours)

বাংলা

চতুর্থ পত্র

Duration : 4 Hours　　　　Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক ।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। সাংকেতিক নাটকের সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন । একটি সার্থক বাংলা সাংকেতিক নাটকের পরিচয় দিন ।

১২ + ৮

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন ঃ　　১০ + ১০

ক) ট্রাজেডি

খ) প্রহসন

গ) সামাজিক নাটক

ঘ) অ্যবসার্ড নাটক ।

২। নাট্য নিয়ন্ত্রণ বিধির মাধ্যমে নাটকের কণ্ঠরোধ করবার ব্যবস্থা নানা সময়ে হলেও নাট্যানুরাগী বাঙালি তীব্রভাবে তার প্রতিবাদ করেছেন । নাট্য নিয়ন্ত্রণ বিধি কবে, কে প্রবর্তন করেন ? এই বিধিটি কী ? এর বিরুদ্ধে বাঙালি কীভাবে প্রতিবাদ জানিয়েছেন — তা আলোচনা করুন ।　　২ + ৪ + ১৪

অথবা

যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোকপাত করুন ঃ ১০ + ১০

ক) বেঙ্গলী থিয়েটার

খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার

গ) ন্যাশনাল থিয়েটার (সূচনা পর্ব)

ঘ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার ।

৩। 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটিতে সমকালীন সমাজ জীবনের যে বাস্তবতা ফুটে উঠেছে তা আলোচনা করুন । প্রহসনটির প্রভাব পরবর্তী কালে রচিত কোনো প্রহসনে কি পাওয়া যায়, সে সম্পর্কে আপনার মতামত দিন । ৮ + ২

অথবা

'একেই কি বলে সভ্যতা' প্রহসনটির পুরুষ চরিত্রগুলির শিল্প সার্থকতা পর্যালোচনা করুন । ১০

৪। 'বুড়ো-শালিকের ঘাড়ে রোঁ' রচনাটি প্রহসন হিসেবে সার্থক কিনা বিচার করুন । ১০

অথবা

'বুড়ো-শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটিতে সরস কৌতুকের আবহে নাট্যকারের যে আশ্চর্য শ্রেণিচেতনা ও অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গির প্রকাশ দেখা যায় তা আলোচনা করুন । ১০

৫। 'আমার অন্তরের কথা আছে ঐ মুক্তধারার মধ্যে' — উক্তিটির মধ্য দিয়ে বক্তার চরিত্র কীভাবে প্রকাশ লাভ করেছে তা বিশ্লেষণ করুন । ১৫

অথবা

'মুক্তধারা' নাটকে উত্তরকূট ও শিবতরাইয়ের প্রজাদের ভূমিকা ব্যাখ্যা করুন । ১৫

৬। 'টিনের তলোয়ার' নাটকে বৈপ্লবিক চেতনার প্রকাশ কীভাবে ঘটেছে তা আলোচনা করুন । ১৫

অথবা

'টিনের তলোয়ার' নাটকটির সংলাপের শিল্প সার্থকতা বিচার করুন । ১৫

৭। ক) " .... তোমরা শিকল দিয়ে তাঁকে বাঁধবে, তিনি শেকল ছেঁড়বার জন্য জাগবেন" — কে কাকে কার সম্বন্ধে একথা বলেছে ? এখানে 'জাগবেন' শব্দের তাৎপর্য কী ? ১ + ১ + ১ + ২

অথবা

"দৈবশক্তির সঙ্গে যার লড়াই, মানুষের অভিশাপকে সে গ্রাহ্য করে ?" কে কার উদ্দেশ্যে উক্তিটি করেছে ? সংক্ষেপে প্রসঙ্গ নির্দেশ করুন । ১ + ১ + ৩

খ) "এদিকে হাহাকার, ঐদিকে বুলবুলির লড়াই, ইহা এক প্রহসন" উক্তিটির কার ? হাহাকারের কারণ কী ? বুলবুলির লড়াই কী ? এখানে 'প্রহসন' শব্দটির তাৎপর্য কী ? ১ + ১ + ১ + ২

অথবা

"লম্বট সাহেবের মুখের ওপর ছুঁড়ে মারবে তিতুমীর নাটক ।" — বক্তা কে ? লম্বট সাহেব কে ? উক্তিটিতে বক্তার চরিত্রের কোন্ বিশিষ্টতা পরিস্ফুট হয়েছে ? ১ + ১ + ৩

R.K.S.M. VIVEKANANDA VIDYABHAVAN LIBRARY